শহীদ রাকিবুলের কবর জিয়ারত করলে এনসিপি’র যুগ্ম সদস্য সচিব তারেক রেজা

জুলাই-আগস্ট মাসে কোটা বৈষম্য বিরোধী আন্দোলনের সময় ঢাকার মিরপুরে পুলিশের গুলিতে নিহত শহীদ ইঞ্জিনিয়ার রাকিবুল হোসেনের কবর জিয়ারত করেছেন জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)’র যুগ্ম সদস্য সচিব তারেক রেজা।

তিনি হরিণাকুণ্ডু উপজেলার চাঁদপুর ইউনিয়নের বাসুদেবপুর গ্রামে অবস্থিত শহীদ রাকিবুলের কবর জিয়ারত করেন। তার নেতৃত্বে দলের নেতাকর্মীরা কবর জিয়ারত ও বিশেষ দোয়া মোনাজাতে অংশ নেন।

কবর জিয়ারতের পর শহীদের পরিবারের সদস্যদের সঙ্গে দেখা করেন তারেক রেজা। তিনি শহীদের বাসায় গিয়ে রাকিবুলের মা, বাবা ও অন্যান্য স্বজনদের সঙ্গে ঈদের শুভেচ্ছা ও কুশলাদি বিনিময় করেন এবং তাদের খোঁজখবর নেন।

এ সময় তিনি আবেগাপ্লুত হয়ে পড়েন এবং শহীদের মায়ের হাতে ঈদ উপহার ও আর্থিক সহায়তা তুলে দেন।

তার সঙ্গে উপস্থিত ছিলেন—বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলন ঝিনাইদহ জেলা শাখার যুগ্ম আহ্বায়ক আবু হাসনাত তানাইম, হরিণাকুণ্ডু উপজেলার আহ্বায়ক রফিকুল ইসলাম, সহযোদ্ধা তৌফিক আলম, ধ্রব্যসহ অন্যান্য নেতৃবৃন্দ।

তারেক রেজা বলেন, “শহীদদের ঋণ কখনো শোধ করা যাবে না। তারা জাতির জন্য যে ত্যাগ করেছেন, তা চিরস্মরণীয়। বর্তমান অন্তবর্তী সরকার সবসময় শহীদ পরিবারের পাশে রয়েছে এবং থাকবে।”

তিনি আরও বলেন, “রাকিবুলের মতো অনেক মানুষ বিগত ফ্যাসিস্ট সরকারের হাতে নির্মমভাবে নিহত হয়েছেন। এই সকল হত্যাকাণ্ডের বিচার নিশ্চিত করতে সরকার প্রতিশ্রুতিবদ্ধ। কোটা বৈষম্য বিরোধী ও কোটা সংস্কার আন্দোলনের সময় ঘটে যাওয়া সকল হত্যাকাণ্ডের বিচার হওয়া সময়ের দাবি, এবং তা আমরা নিশ্চিত করবো।”

দর্শনায় বৈষম্য বিরোধী আন্দোলনে নিহত শহীদ ছাত্র-ছাত্রীর জন্য দোয়া অনুষ্টিত

বৈষম্য বিরোধী আন্দোলনে নিহত শহীদ ছাত্র/ছাত্রীর জন্য দোয়া অনুষ্টিত দর্শনা পৌরসভার সকল মসজিদে। আজ শুক্রবার জুম্মার নামাজ শেষে দর্শনা পৌরসভা এলাকায় সকল মসজিদে মসজিদে বৈষম্য বিরোধী আন্দোলনে নিহত শহীদ ছাত্র/ছাত্রীর জন্য দোয়া অনুষ্ঠান ও বিশৃ্খংলা থেকে বিরত থাকার আহবান জানানো হয়।

এছাড়া দর্শনা পৌর বিএনপির উদ্যোগে মসজিদে আসা মুসুর্ল্লীদের উদ্যোশে বলা হয় কেউ কোথাও বিশৃঙ্খলা ও জন-সাধারণের জানমাল বিনষ্ট করা বা ব্যবসা প্রতিষ্ঠানে হামলা করা না হয়।

দর্শনা পরানপুর মসজিদে দর্শনা পৌর বিএনপির প্রধান সমন্বকারী হাবিবুর রহমান বুলেট উপস্থিত থেকে সকল গার্জিয়ানকে সর্তক করে বলেন, আপনাদের সন্তানদেরকে বলবেন কেউ যদি জন-সাধারণের শান্তি নষ্ট বা কোথাও হামলা করে তাহলে আমরা তাকে ধরে আইন প্রয়োগকারী সংস্থার কাছে সোর্পদ করবো। এছাড়া প্রতিটি পৌর এলাকার মসজিদে মসজিদে এ সর্তক করা হয় বলে জানা গেছে। এদিকে দর্শনা থানাধীন তিতুদহ ইউনিয়নে আওয়ামীলীগের অফিস কক্ষে আগুন দেওয়া দর্শনা বাস স্ট্যান্ডে শালিস বৈঠক করে সকলকে সর্তক করেন। এবং বলেন আর যদি কোন প্রকার জ্বালাও পোড়াও করা হয় তাহলে তার বিরুদ্ধে আইনী ব্যবস্থা নেওয়া ও গ্রহন করা হবে। এ থেকে কেউ রেহায় পাবে না বলে কঠিন সতর্কবার্তা দেওয়া হয়েছে। শালিস বৈঠকে উপস্থিত ছিলেন, দর্শনা থানা বিএনপির সভাপতি ও সাবেক পারকৃষ্ণপুর মদনা ইউনিয়নের চেয়ারম্যন খাজা আবুল হাসনাত, দর্শনা থানা বিএনপির সাধারণ সম্পাদক ও সাবেক বেগমপুর ইউনিয়নের চেয়ারম্যন আহম্মদ আলী, দর্শনা পৌর বিএনপির প্রধান সমন্বয়াক হাবিবুর রহমান বুলেট, দর্শনা পৌর বিএনপির সাংগঠনিক সম্পাদক মহিউদ্দিন, পৌর সমন্বকারী সদস্য জালাল উদ্দিন লিটন ও জালাল উদ্দিন।